# উপজেলা মুক্তিযোদ্ধা সম্পর্কিত স্থায়ী কমিটি এর সভার কার্যবিবরণী

সভাপতি : মোকলেদা খাতুন মীম
উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৬/০৮/২০২৫খ্রি. দুপুর ১২.০০ ঘটিকা।

উপজেলা মুক্তিযোদ্ধা সম্পর্কিত স্থায়ী কমিটির সভা উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানীত সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।সভার শুরুতে সভাপতি মহোদয় সম্মানীত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, কাহারোল পূর্বোক্ত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যবিবরণীতে কোনরুপ সংযোজন বিয়োজন না থাকায় তা দৃঢীকরন করা হয়।

আলোচ্য বিষয় ০১. উপজেলা মুক্তিযোদ্ধা সম্পর্কিত স্থায়ী কমিটির কার্যপরিধি সম্পর্কে আলোচনা।

আলোচনা:

সদস্য সচিব ও সমাজসেবা অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদের কার্যক্রমকে শক্তিশালী ও বেগবান করার জন্য স্থায়ী কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে এবং এজন্য নিয়মিত সভা করা প্রয়োজন। তিনি আরো বলেন যে, দীর্ঘদীন যাবৎ স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয় না উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়কে অবহিত করলে তিনি তাৎক্ষণিকভাবে সভার আয়োজনের ব্যবস্থা করার প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করায় সভায় তাকে ধন্যবাদ জানানো হয়। সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, মহোদয় বলেন যে, কাহারোল উপজেলায় একটি সুন্দর মুক্তিযোদ্ধা কমপ্লেক্স রয়েছে এটিকে যদি সুন্দর করে সাজনো হয় তাহলে আগামী প্রজন্মের জন্য মুক্তিযুদ্ধ সম্পর্কে জানানো সম্ভব হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত:

২.১: উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে ও মুক্তিযুদ্ধ সম্পর্কে বিভিন্ন ধরণের আলোকচিত্র স্থাপনের মাধ্যমে করার জন্য সম্মানীত উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৮/২৫

মোকলেদা খাতুন মীম
উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর
ও
সভাপতি
উপজেলা মুক্তিযোদ্ধা সম্পর্কিত স্থায়ী কমিটি
কাহারোল, দিনাজপুর।

উপজেলা মুক্তিযোদ্ধা সম্পর্কিত স্থায়ী কমিটি এর সভার উপস্থিত সদস্য গণের সাক্ষর

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ : ০৬/০৮/২০২৫ খ্রি:

সময় : ১২:০০ ঘটিকা

| ক্র:নং | নাম | পদবী | সাক্ষর |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর | সভাপতি | |
| ০২ | উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান ৬নং রামচন্দ্রপুর ইউনিয়ন , কাহারোল, দিনাজপুর | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান ১নং ডাবোর ইউনিয়ন , কাহারোল, দিনাজপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা সমাজসেবা অফিসার, কাহারোল, দিনাজপুর | সদস্য সচিব | |